

# 📃 আय-यिनयान | Az-Zalzala | ٱلزَّلْزَلَة

আয়াতঃ ৯৯:৩

## 💵 আরবি মূল আয়াত:

# وَ قَالَ الإنسَانُ مَا لَهَا ﴿ ٣﴾

#### 

আর মানুষ বলবে, 'এর কী হল?' — আল-বায়ান

এবং মানুষ বলবে 'এর কী হয়েছে?' — তাইসিরুল

এবং মানুষ বলবেঃ এর কি হল? — মুজিবুর রহমান

And man says, "What is [wrong] with it?" - — Sahih International

#### ৩. আর মানুষ বলবে, এর কী হল?(১)

(১) মানুষ অর্থ প্রত্যেকটি মানুষ হতে পারে। কারণ পুনরায় জীবন লাভ করে চেতনা ফিরে পাবার সাথে সাথেই প্রত্যেক ব্যক্তির প্রথম প্রতিক্রিয়া এটিই হবে যে, এসব কি হচ্ছে? এটা যে হাশরের দিন একথা সে পরে বুঝতে পারবে। আবার মানুষ অর্থ আখেরাত অস্বীকারকারী মানুষও হতে পারে। কারণ যে বিষয়কে অসম্ভব মনে করতো তা তার সামনে ঘটে যেতে থাকবে এবং সে এসব দেখে অবাক ও পেরেশান হবে। তবে ঈমানদারদের মনে এ ধরনের বিস্ময় ও পেরেশানি থাকবে না। কারণ তখন তাদের আকীদা-বিশ্বাস ও প্রত্যয় অনুযায়ীই সবকিছু হতে থাকবে। পবিত্র কুরআনের অন্যত্র বলা হয়েছে সে সময় আখেরাত অস্বীকারকারীরা বলবে, "কে আমাদের শয়নাগার থেকে আমাদের উঠালো?" এর জবাব আসবে, "এটি সেই জিনিস যার ওয়াদা করুণাময় করেছিলেন এবং আল্লাহর পাঠানো রাসূলগণ সত্য বলেছিলেন।" [সূরা ইয়াসিন: ৫২] [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

## ৩। এবং মানুষ বলবে, 'এর কি হল?' [1]

[1] অর্থাৎ, তারা ভীত-সন্তুস্ত হয়ে বলবে, 'এর কি হয়ে গেল? এ (পৃথিবী) কেন এমনভাবে কাঁপছে এবং খনিজ-সম্পদসমূহ বাইরে বের করে ফেলছে?!'

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=6141



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন